শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
www.bteb.gov.bd
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০৩.৩৩.০০১.২২.১০৯১

তারিখ: ১৩ চৈত্র ১৪২৮
২৭ মার্চ ২০২২

বিষয়: **এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের একাডেমিক স্বীকৃতির চূড়ান্ত অনুমোদন প্রদান প্রসঙ্গে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি শাখা-০৩ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৫৩.২৯.০০১.২১.৫৫, তারিখ: ০২ মার্চ, ২০২২খ্রি. মোতাবেক অনুমোদনের প্রেক্ষিতে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে জানানো যাচ্ছে যে, আপনার প্রতিষ্ঠানে এস.এস.সি (ভোকেশনাল) শিক্ষাক্রমে একাডেমিক স্বীকৃতির জন্য বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২০-এর ৬.১, ৬.২, ৬.৩ অনুযায়ী প্রতিষ্ঠান বোর্ডে আবেদন ও সুপারিশ কমিটির সুপারিশ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন কমিটির চূড়ান্ত অনুমোদনের প্রেক্ষিতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের সুপারিশকৃত প্রতিষ্ঠানসমূহকে নিম্নলিখিত শর্তে তাদের নামের পাশে বর্ণিত ট্রেডসমূহে ০১/০৭/২০২১খ্রি. তারিখ হইতে ৩০/০৬/২০২৪খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বৎসরের জন্য একাডেমিক স্বীকৃতি চূড়ান্ত অনুমোদন প্রদান করা হলো। ৩০/০৭/২০২৪খ্রি. অতিক্রান্ত হওয়ার পর একাডেমিক স্বীকৃতি নবায়ণ না করা হলে উক্ত একাডেমিক স্বীকৃতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উক্ত প্রতিষ্ঠানে পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় পরিচালনা থেকে বিরত বিরত রাখা হবে।

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রতিষ্ঠান কোড ও কারিকুলাম	ট্রেডসমূহ	মন্তব্য
১	আখরজানী উচ্চ বিদ্যালয়, হোগলডাংগী, কালুখালী, রাজবাড়ী।	কোড:৪৭০২৭ এসএসসি (ভোকেশনাল)	১.জেনারেল মেকানিক্স ২.অটোমোটিভ	শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত
২	ধুনট আদর্শ উচ্চ বিদ্যালয়, ডাক: ধুনট, উপজেলা: ধুনট, জেলা: বগুড়া।	কোড:২০০২৪ এসএসসি (ভোকেশনাল)	১.কম্পিউটার ও তথ্য প্রযুক্তি ২.জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস	শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত
৩	হাসাদহ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, ডাক: হাসাদহ, উপজেলা: জীবননগর, জেলা: চুয়াডাঙ্গা।	কোড: ২৯০৩১ এসএসসি (ভোকেশনাল)	১.অটোমোটিভ ২.সিভিল কন্সট্রাকশন	শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত
৪	কার্পাসডাংগা মাধ্যমিক বিদ্যালয়, ডাক: কার্পাসডাংগা, উপজেলা: দামুরহুদা, জেলা: চুয়াডাংগা।	কোড: ২৯০১৭ এসএসসি (ভোকেশনাল)	১.সিভিল কন্সট্রাকশন ২.ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস	শর্তসাপেক্ষে স্বীকৃতিপ্রাপ্ত

শর্তসমূহঃ১. নীতিমালা অনুযায়ী নির্ধারিত সময়ে নিজস্ব জমিতে উপযুক্ত ভৌত অবকাঠামো নিশ্চিত করতে হবে এবং প্রতিষ্ঠানের নামে নামজারিসহ জমি সংক্রান্ত সকল তথ্যের মুল কপি যাচাই বাছাই কমিটিকে প্রদর্শন করতে হবে। কোন তথ্যের কাগজ জাল প্রমানিত হলে একাডেমিক স্বীকৃতি তাৎক্ষনিক বাতিল বলে গণ্য হবে।

২.ছাত্র-ছাত্রীর সংখ্যা ও পরিচালিত ট্রেড চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক মানসম্পন্ন ক্লাশ রুমের ব্যবস্থা নিশ্চিত করতে

হবে।

৩.পরিচালিত ট্রেডের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও আসবাবপত্র সম্বলিত উপযুক্ত সংখ্যক ল্যাব/শপ নিশ্চিত করতে হবে এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনার জন্য প্রয়োজনীয় কাঁচামাল সরবরাহ নিশ্চিত করতে হবে।

৪. ছাত্র-ছাত্রীর সংখ্যা অনুসারে ক্লাশ পরিচালনার উপযোগী প্রয়োজনীয় সংখ্যক (কমপক্ষে ২০টি) ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার ল্যাব এর ব্যবস্থা করতে হবে।

৫. প্রবিধান মোতাবেক যথাযথ ক্লাশ রুটিন ও প্রধান শিক্ষক/সুপার এর কক্ষে মাষ্টার রুটিন থাকতে হবে। রুটিন অনুসারে তাত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিত করতে হবে। ছাত্র-ছাত্রীদের হাজিরা যথাযথভাবে সংরক্ষন করতে হবে এবং উপস্থিতি সন্তোষজনক হতে হবে।

৬.শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়ন এবং সন্তোষজনক ফলাফলের ব্যাপারে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ নিশ্চিত করতে হবে।

৭.লাইব্রেরীতে সংশ্লিষ্ট বিষয়ের পর্যাপ্ত সংখ্যক বই সংরক্ষণ করতে হবে এবং লাইব্রেরী শিক্ষার্থীদের ব্যবহারের জন্য খোলা রাখতে হবে।

৮.নীতিমালা অনুযায়ী উপযুক্ত পরিমান অর্থ (সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিল) ব্যাংকে জমা রাখতে হবে। এস.আর.ও অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে ও ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

৯. প্রত্যেক অর্থ বছরের শেষে প্রতিষ্ঠানের জমা-খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে। বোর্ডের কর্মকর্তা পরিদর্শনে গেলে চাহিবামাত্র তা প্রদর্শন করতে হবে।

১০. বোর্ড প্রণীত ভর্তি নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না। কারিকুলাম অনুযায়ী বোর্ডের শিক্ষাবর্ষপঞ্জি অনুসরণ করতে হবে।

১১. একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির পরেও শিক্ষার্থী ভর্তির পূর্বে প্রতি শিক্ষাবর্ষে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি জমা দিতে হবে।

১২. স্বীকৃতি প্রাপ্ত কোন প্রতিষ্ঠানে একনাগারে তিন বছর কোন ট্রেডে শিক্ষার্থী ভর্তি করা না হলে অনুমোদিত ট্রেড বাতিল বলে গণ্য হবে।

১৩. এস, আর, ও অনুযায়ী বৈধ ব্যবস্থাপনা কমিটি থাকতে হবে।

১৪.উল্লেখিত শর্তসমূহের কোন ব্যতয় পরিলক্ষিত হলে উক্ত প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতি স্বয়ংক্রিয় ভাবে বাতিল বলে গণ্য হবে।

২৭-৩-২০২২
প্রকৌ. মোঃ খালেদ হোসেন
পরিদর্শক

বিতরণ :

১) প্রধান শিক্ষক, , আখরজানী উচ্চ বিদ্যালয়,
হোগলডাংগী, কালুখালী, রাজবাড়ী।

২) প্রধান শিক্ষক, , ধুনট আদর্শ উচ্চ বিদ্যালয়, ডাক: ধুনট,
উপজেলা: ধুনট, জেলা: বগুড়া।

৩) প্রধান শিক্ষক, , হাসাদহ বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়,
ডাক: হাসাদহ, উপজেলা: জীবননগর, জেলা: চুয়াডাঙ্গা।

৪) প্রধান শিক্ষক, , কার্পাসডাংগা মাধ্যমিক বিদ্যালয়,
ডাক: কার্পাসডাংগা, উপজেলা: দামুরহুদা, জেলা:

চুয়াডাংগা।

স্মারক নম্বর: ৫৭.১৭.০০০০.৪০৩.৩৩.০০১.২২.১০৯১/১ তারিখ: ১৩ চৈত্র ১৪২৮
২৭ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।

৩) জেলা প্রশাসক (সকল)

৪) বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৬) সভাপতি (সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান), ...

৭) সিস্টেম এনালিস্ট-১, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৮) চেয়ারম্যানের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

৯) অফিস নথি।

২৭-৩-২০২২
প্রকৌ. মো: হুমায়ুন কবির
উপপরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)